I. 3445 / 2011

I-2648/11

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

Rs.5000

पाँच हजार रुपये

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 208359

Certified that the document is admitted to registration. The signature sheet/s and the endorsement sheets attached with this document are the part of this document

Dist. Sub-Registrar-I
Alipore, South 24 Parganas

14 SEP 2011

Joyasree Mukherjee
Sima Banerjee
Mukti Chatterjee
Shyama Prosad Mukherjee

## - ঃ দানপত্র দলিল ঃ -

দানপত্র গ্রহীতা : শ্রী শ্যামা প্রসাদ মুখার্জ্জী, পিতা মৃত আনন্দ প্রসাদ মুখার্জ্জী, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - ব্যবসা, সাং - ১০/৫৩, বিজয়গড় কলোনী, কোলকাতা - ৭০০ ০৩২, থানা - যাদবপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগনা।

পৃষ্ঠা ---- ২

Joyasree Mukherjee Sima Banerji Mukti Chatterjee Shyama Prasad Mukherjee

দানপত্র দাত্রীগন : ১) শ্রীমতী জয়শ্রী মুখাৰ্জ্জী, স্বামী মৃত ৺আনন্দ প্রসাদ মুখাৰ্জ্জী, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - গৃহবধু, সাং - ১০/৫৩, বিজয়গড় কলোনী, কোলকাতা - ৭০০ ০৩২, থানা - যাদবপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগনা।

: ২) শ্রীমতী সীমা ব্যানাৰ্জ্জী, স্বামী শ্রী অমিতাভ ব্যানাৰ্জ্জী, পিতা মৃত ৺আনন্দ প্রসাদ মুখাৰ্জ্জী, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - গৃহবধু, সাং - বালি জুট মিল স্টাফ কোয়ার্টার, পোঃ - বালি, থানা - বালি, জেলা - হাওড়া - ৭১১ ২০১।

: ৩) শ্রীমতী মুক্তি চ্যাটাৰ্জ্জী, স্বামী মৃত ৺স্বপন চ্যাটাৰ্জ্জী, পিতা মৃত ৺আনন্দ প্রসাদ মুখাৰ্জ্জী জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - গৃহবধু, সাং - ৪৭/৫,টেগর টেম্পল রোড, পোঃ - শ্যামনগর, থানা - জগদ্দল, জেলা - উত্তর ২৪ পরগনা - ৭৪৩ ১২৭।

কস্য শুভ দানপত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা - দক্ষিণ ২৪ পরগনা, ঠিকানা ১০/৫৩, বিজয়গড় কলোনী, থানা - যাদবপুর, কোলকাতা - ৭০০ ০৩২, (কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান প্রেমিসেস নং- ৭৪/১০/৯৪, শ্রী রাম ঠাকুর রোড), যে সম্পত্তিস্থিত জমি জমা মাননীয় পশ্চিমবঙ্গ সরকারের পুর্নবাসন বিভাগে এ্যামুনারেশন প্লট নং - ৭৮৪, সার্ভে প্লট নং - ১৯২৭ হইয়া নথিবদ্ধ আছে যাহার পরিমাপ বাংলা মাপে কমবেশী ৫ পাঁচ কাঠা ১৪ চৌদ্দ ছটাক ৪১ একচল্লিশ স্কোয়ার ফুট হয়, উক্ত জমিতে অত্র দলিলের ১ম দাত্রীর শ্রদ্ধেয় শ্বশুর মহাশয় এবং দানপত্র গ্রহিতা এবং ২য় ও ৩য় দাত্রীগনের শ্রদ্ধেয় পিতামহ বর্তমানে মৃত ৺ভূপতি ভূষণ মুখাৰ্জ্জী মহাশয় বিগত ইংরাজী ১৯৫০ সালের পূর্ব্বে পূর্ববঙ্গ হইতে আগত উদ্বাস্তু হিসাবে অনুন্নত এবং পতিত অবস্থায় জবর দখল কায়েম পূর্ব্বক নিজ ব্যায়ে উক্ত দখলি জমির উন্নয়ণ করতঃ উহার উপর নিজ ব্যায়ে ঘর, দরজা সাজ পাটাদি নির্মাণে

পৃষ্ঠা ---- ৩

Jogesh Mukherji Sima Bose Mukti Chatterjee Shyama Prasad Mukherjee

এবং আহরন করতঃ উহাতে চিরদিন পরম সুখে ভোগ দখলে রত থাকাকালীন ইংরাজী ১৯৬৫ সালের জানুয়ারী মাসে তাঁহার স্ত্রী ˚বিপিন বাসিনী দেব্যা, চার পুত্র যথাক্রমে ˚ভবানী প্রসাদ মুখাৰ্জ্জী, ˚দুর্গা প্রসাদ মুখাৰ্জ্জী, ˚তারা প্রসাদ মুখাৰ্জ্জী, ˚আনন্দ প্রসাদ মুখাৰ্জ্জী এবং তিন কন্যা যথাক্রমে ˚গৌরীরানী দেবী, ˚উমারানী দেবী, ˚শিবরানী দেবী দিগের ব্যবস্থাপত্র না করিয়া পরলোকগমন করিলে পর উক্ত ˚ভূপতি ভূষণ মুখাৰ্জ্জী মহাশয়ের উপরোক্ত ওয়ারিশানগন জবর দখলীয় সম্পত্তিতে যৌথভাবে ভোগ দখল করিতে থাকেন।

প্রকাশ থাকে যে উক্ত ˚ভূপতি ভূষণ মুখাৰ্জ্জী মহাশয়ের জীবিত থাকাকালীন পশ্চিমবঙ্গ রাজ্য সরকার উদ্বাস্তু উন্নয়নের এবং পুর্নবাসন প্রকল্পে জমি দলিল করিয়া ˚ভূপতি ভূষণ মুখাৰ্জ্জী মহাশয়ের নামে হস্তান্তর করিয়া দিতে পারে নাই। এমন অবস্থায় গত ইংরাজী ১০ই জানুয়ারী ১৯৬৬ সালে এক রেজিস্ট্রীকৃত দানপত্র দলিল মূলে উক্ত ˚ভূপতি ভূষণ মুখাৰ্জ্জী মহাশয়ের স্ত্রী ˚বিপিন বাসিনী দেব্যা এবং তাঁহার তিন কন্যা যথাক্রমে ˚গৌরীরানী দেবী, ˚উমারানী দেবী এবং ˚শিবরানী দেবী উক্ত ˚ভূপতি ভূষণ মুখাৰ্জ্জী মহাশয়ের চার পুত্র যথাক্রমে ˚ভবানী প্রসাদ মুখাৰ্জ্জী, ˚দুর্গা প্রসাদ মুখাৰ্জ্জী, ˚তারা প্রসাদ মুখাৰ্জ্জী এবং ˚আনন্দ প্রসাদ মুখাৰ্জ্জী মহাশয়গণের অনুকুলে তাহার তুল্যাংশে দান করিয়া অত্র দলিলে তপশীল বর্ণিত সম্পত্তি হইতে তাঁহাদের দাবী দাওয়া ও স্বত্ত্ব পরিত্যাগ করেন। উক্ত দানপত্র দলিলখানি আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে বুক নং - ১, ভল্যুম নং - ৮, পৃষ্ঠা - ৯১ হইতে ৯৬, ইংরাজী সন ১৯৬৬ সালে ১৫৭ নং দলিল মূলে লিপিবদ্ধ আছে।

প্রকাশ থাকে যে, পরবর্তীকালে উপরোক্ত ˚ভূপতি ভূষণ মুখাৰ্জ্জী মহাশয়ের উপরোক্ত চার পুত্র ˚ভবানী প্রসাদ মুখাৰ্জ্জী, ˚দুর্গা প্রসাদ মুখাৰ্জ্জী, ˚তারা প্রসাদ মুখাৰ্জ্জী এবং ˚আনন্দ প্রসাদ মুখাৰ্জ্জী মহাশয়গণ তাহাদের অংশে পৃথক চিহ্নিত ভাবে প্রাপ্ত অত্র দলিলে তপশীল বর্ণিত সম্পত্তি যৌথভাবে ভোগ দখলে অসুবিধা হওয়ায় তাহাদের মধ্যে আপোষ বন্টননামা করিয়া তপশীল বর্ণিত সম্পত্তি ১০/৫৩, বিজয়গড় কলোনী,

পৃষ্ঠা —— ৪

Sojanya Mukherjee Sima Banerjee Mukti Chatterjee Shyama Prasad Mukherjee

কোলকাতা - ৭০০ ০৩২, থানা - যাদবপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগনা, মোট সম্পত্তির পশ্চিমাংশে ২ দুই কাঠা ১ এক ছটাক ৪ চার স্কোয়ার ফুট যাবতীয় জমিজমা উক্ত ˚ভবানী প্রসাদ মুখাজ্জী মহাশয় নিবূঢ় ভাবে প্রাপ্ত হয়েন এবং ˚ভূপতি ভূষণ মুখাজ্জী মহাশয়ের কনিষ্ঠ পুত্র ˚আনন্দ প্রসাদ মুখাজ্জী মহাশয় বর্তমান দলিলে তপশীল বর্ণিত সম্পত্তির পূর্বাংশে ৩ তিন কাঠা ১৩ তেরো ছটাক ৩৭ সাঁইত্রিশ স্কোয়ার ফুট জমিজমা যাবতীয় তদুপরিস্থিত পাকা ইমারত সহ নিবূঢ় স্বত্বে প্রাপ্ত হয়েন, এবং উক্ত ˚ভূপতি ভূষণ মুখাজ্জী মহাশয়ের অপর দুই পুত্র ˚দুর্গা প্রসাদ মুখাজ্জী এবং ˚তারা প্রসাদ মুখাজ্জী উক্ত ˚ভূপতি ভূষণ মুখাজ্জী মহাশয় ত্যক্ত অপরাপর সম্পত্তির মালিক ও দখলীকার হয়েন যাহা রেজিষ্ট্রীকৃত দলিল আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসে বুক নং - ১, ভল্যুম নং - ৪৫, পৃষ্ঠা - ২৭১ হইতে ২৮০, ইংরাজী সন ২৬শে এপ্রিল ১৯৬৭ সালে ২৭১৩ নং দলিল মুলে লিপিবদ্ধ আছে।

পরবর্ত্তীকালে উক্ত ˚ভবানী প্রসাদ মুখাজ্জী দানপত্র দলিল মুলে তাঁহার চিহ্নিত পশ্চিমাংশে নিজ প্রাপ্ত অংশে ভোগদখলীকার থাকাকালীন উক্ত ˚ভবানী প্রসাদ মুখাজ্জী মহাশয় ইংরাজী সন ৭ই জুন ১৯৮৯ তারিখে দানপত্র দলিল মুলে তাঁহার ভ্রাতুষ্পুত্র শ্রী শ্যামা প্রসাদ মুখাজ্জীকে দান করিয়া দিয়া তাঁহার স্বত্ব দখলীচ্যুত হয়েন। উক্ত দানপত্র দলিলখানি আলিপুর ডিষ্ট্রিক্ট সাব রেজিষ্ট্রার অফিসে বুক নং - ১, পৃষ্ঠা - ২২০ হইতে ২২৭, ইংরাজী সন ১৯৮৯ সালে ৭৫৬৯ নং দলিল মুলে লিপিবদ্ধ আছে।

এমত অবস্থায় উক্ত ˚ভূপতি ভূষণ মুখাজ্জী মহাশয়ের পুত্র ˚আনন্দ প্রসাদ মুখাজ্জী এবং উক্ত ˚ভূপতি ভূষণ মুখাজ্জী মহাশয়ের উপরোক্ত পৌত্র শ্রী শ্যামা প্রসাদ মুখাজ্জী মহাশয়ের নামে তাহাদের পৃথক চিহ্নিত মতে প্রাপ্তাংশে অর্থাৎ ˚আনন্দ প্রসাদ মুখাজ্জী প্রাপ্তাংশে ৩ তিন কাঠা ১৩ তেরো ছটাক ৩৭ সাঁইত্রিশ স্কোয়ার ফুট এবং শ্রী শ্যামা প্রসাদ মুখাজ্জী প্রাপ্তাংশে ২ দুই কাঠা ১ এক ছটাক ৪ চার স্কোয়ার ফুট অর্থাৎ

মোট সম্পত্তি ৫ পাঁচ কাঠা ১৪ চৌদ্দ ছটাক ৪১ একচল্লিশ স্কোয়ার ফুট জমি পৃথক চিহ্নিত মতে এ্যালটমেন্ট করিবার প্রকল্পে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের রিফিউজি রিহ্যাবিলিটেশন কমিশনার গত ৪।১২।১৯৯০ তারিখে বিজয়গড় কলোনী কমিটিতে সুপারিশ করেন।

পরবর্তী কালে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার ˚আনন্দ প্রসাদ মুখাজ্জী মহাশয়কে ইংরাজী ১৯৯৭ সালের ২২শে অক্টোবর তারিখে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহা ৩ তিন কাঠা ১৩ তেরো ছটাক ৩৭ সাঁইত্রিশ স্কোয়ার ফুট জমির একটি দানপত্র (অর্পণনামা) প্রদান করেন, যাহা রেজিষ্ট্রীকৃত দলিল আলিপুর এ্যাডিশানাল ডিস্ট্রিক্ট রেজিষ্ট্রী অফিসে বুক নং - ১, ভল্যুম নং - ৬, পৃষ্ঠা - ৮৫ হইতে ৮৮, ইংরাজী সন ১৯৯৭ সালে ৩৯৭ নং দলিল মূলে লিপিবদ্ধ আছে।

পরবর্তী কালে ˚আনন্দ প্রসাদ মুখাজ্জী নিম্ন তপশীল বর্ণিত ৩ তিন কাঠা ১৩ তেরো ছটাক ৩৭ সাঁইত্রিশ স্কোয়ার ফুট জমিজমা এবং তদুপরিস্থিত ত্রিতল পাকা ইমারত তৈরী করেন এবং কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে নিজ নাম পত্তন করিয়া একক মালিক ও দখলীকার হয়েন যাহার বর্তমান এ্যাসিসি নং ২১০৯৬০৩০৬৮০৬ এবং ভোগদখলীকার ছিলেন।

˚আনন্দ প্রসাদ মুখাজ্জী ইংরাজী ১৯শে ফেব্রুয়ারী ২০১১ সালে তাহার স্ত্রী শ্রীমতী জয়শ্রী মুখাজ্জী, একমাত্র পুত্র শ্রী শ্যামা প্রসাদ মুখাজ্জী এবং দুই বিবাহিতা কন্যা শ্রীমতী সীমা ব্যানাজ্জী এবং শ্রীমতী মুক্তি চ্যাটাজ্জীকে রাখিয়া পরলোকগমন করেন এবং হিন্দু উত্তরাধিকার আইনানুসারে উক্ত দানপত্র দাত্রীগন এবং দানপত্র গ্রহীতা ত্যাক্ত সম্পত্তির প্রত্যেকে অবিভক্ত ১/৪ অংশের মালিক হয়েন।

আমি ১ নং দানপত্র দাত্রী আমার একমাত্র পুত্র এবং আমরা ২ ও ৩ নং দানপত্র দাত্রীগন আমাদের একমাত্র ভ্রাতা শ্রী শ্যামা প্রসাদ মুখাজ্জীর ভালবাসা এবং স্নেহে আবদ্ধ আছি। তুমি চিরদিন আমাদের

প্রতি পরম শ্রদ্ধাশীল এবং কর্তব্য পরায়ন আছ এবং আমাদের প্রতি তোমার শ্রদ্ধা ও ভালবাসার বিনিময়ে নিম্ন তপশীল বর্ণিত যাবতীয় সম্পত্তি আমরা অদ্য তারিখে হৃষ্টচিত্তে তোমাকে সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় দান করিয়া দিলাম এবং অদ্য হইতে নিম্ন তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তিতে ওয়ারেশান ও স্থলাভিষিক্তগণক্রমে চিরদিনের জন্য নিঃস্বার্থ এবং সর্ব্ব প্রকার দখল অধিকারচ্যুত হইলাম এবং অদ্য হইতে তুমি দানপত্র গ্রহীতা নিম্ন তপশীল বর্ণিত যাবতীয় সম্পত্তিতে ওয়ারেশান ও স্থলবর্তীগণক্রমে আমাদের অবিভক্ত ৩/৪ অংশের যাবতীয় স্বত্ব, লভ্য, হক-হকিয়তাদি ছিল বা আছে তৎসমুদয় তোমাতে বর্তাইল এবং তুমি দানপত্র গ্রহীতা ওয়ারেশন ও স্থলবর্তীগণক্রমে নিম্ন তপশীল বর্ণিত দানকৃত যাবতীয় সম্পত্তি বা উহার কোন অংশ যদৃচ্ছা দান, বিক্রয় এবং হস্তান্তরের ক্ষমতা যুক্তে উক্ত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি চিরদিন পরম সুখে ভোগ দখলে কায়েম থাক, তাহাতে আমরা বা আমাদের ওয়ারেশান বা স্থলবর্তীগনের কদাপি কোন প্রকার ওজর আপত্তি থাকিবে না বা কেহ করিলেও তাহা সর্বদা সর্ব কারনে অগ্রাহ্য এবং সর্ব আদালতে নামন্জুর বলিয়া গণ্য হইবে।

এতদ্বারা আমরা দানপত্র দাত্রীগণ স্বীকার, অঙ্গিকার এবং প্রকাশ ও প্রচার করিতেছি যে, নিম্ন তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় দান করা হইল।

তুমি দানপত্র গ্রহীতা অত্র দানপত্র দলিল বলে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে, মাননীয় পশ্চিমবঙ্গ সরকারের পুনর্বাসন বিভাগে এবং সর্ব অফিস, আদালতে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বাবদে আমাদের নাম খারিজ করতঃ তোমার নিজ নাম পত্তন করাইয়া যথাবিধি খাজনা ট্যাকসাদি আদান প্রদানে তাহাতে তুমি চিরদিন ভোগদখলে কায়েম থাক।

অত্র দানপত্র দলিলের আনুমানিক মূল্য ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা ধার্য্য হইল।

পৃষ্ঠা ---- ৭

Joyshree Mukherjee Sima Banerjee Mukti Chatterjee Shyama Prosad Mukherjee

এতদর্থে সেচ্ছায়, সজ্ঞানে, সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় আমরা দানপত্র দাত্রীগণ অত্র দানপত্র দলিলের মর্ম সম্যক পড়িয়া, শুনিয়া এবং বুঝিয়া আমরা ইহাতে সহি সম্পাদন করিলাম। ইতি তারিখ ইংরাজী ২০১১ সালের ১৪ই সেপ্টেম্বর।

মোতাবেক বাংলা সন ১৪১৮ সালের ২৮শে ভাদ্র।

-: তপশীল দানকৃত সম্পত্তির পরিচয় :-

জেলা - দক্ষিণ ২৪ পরগনা, ঠিকানা ১০/৫৩, বিজয়গড় কলোনী, থানা - যাদবপুর, কোলকাতা - ৭০০ ০৩২ (কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের প্রেমিসেস নং - ৭৪/১০/৯৪, শ্রী রাম ঠাকুর রোড) এর পুর্বাংশে যে প্লট মাননীয় পশ্চিমবঙ্গ সরকারের পুনর্বাসন বিভাগের এ্যামুনারেশন প্লট নং - ৭৮৪, সার্ভে প্লট নং - ১৯২৭, সি এস দাগ নং - ২৩৯০পি, ২৩৯২পি, ২৩৯৫পি, মৌজা - আজিকপুর, জে এল নং - ৩৯, থানা - যাদবপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগনা। যাহার পরিমাপ বাংলা মাপে কমবেশী ৩ তিন কাঠা ১৩ তেরো ছটাক ৩৭ সাঁইত্রিশ স্কোয়ার ফুট জমি জমার অবিভক্ত ৩/৪ অংশে (১/৪ + ১/৪ + ১/৪) যাহার পরিমাপ বাংলা মাপে কমবেশী ২ দুই কাঠা ১৪ চৌদ্দ ছটাক ১৬ ১/২ সাড়ে ষোল স্কোয়ার ফুট এবং উক্ত জমি জমার উপরিস্থিত ত্রিতল পাকা ইমারত যাহার প্রথম তলে ১,২৬৫ স্কোয়ার ফুট, দ্বিতীয় তলে ১,২৬৫ স্কোয়ার ফুট এবং ত্রিতীয় তলে ৫১৭ স্কোয়ার ফুট অর্থাৎ মোট ৩,০৪৭ স্কোয়ার ফুট কাভার্ড এরিয়ার অবিভক্ত ৩/৪ অংশে (১/৪ + ১/৪ + ১/৪) যাহার পরিমাপ কমবেশী ২২৮৫ স্কোয়ার ফুট কাভার্ড এরিয়া উক্ত সম্পত্তি যাহা অত্র সংলগ্ন নকশা দ্বারা চিহ্নিত যাহার চৌহদ্দি ঃ

পৃষ্ঠা ---- ৮

উত্তরে ঃ ৬' ফুট প্রসস্থ রাস্তা।

দক্ষিণে ঃ ই পি নং - ৭৮৫।

পূর্বে ঃ ১২' ফুট প্রসস্থ কলোনী রোড।

পশ্চিমে ঃ গ্রহীতার নিজ জমি ই পি নং- ৭৮৪/এ।

আমি দানপত্র গ্রহীতা অত্র দানপত্র দাত্রীগণের এই স্নেহের দান শ্রদ্ধাচিত্তে গ্রহন করিলাম।

Shyama Prasad Mukherjee.

---

**দানপত্র গ্রহীতার স্বাক্ষর**

১) Joyasree Mukherjee

২) Sima Banerjee

৩) Mukti chatterjee

---

**দানপত্র দাত্রীগণের স্বাক্ষর**

ইসাদী ঃ -

১) Tapan Ghosh
4/1 H Bijoygarh
KOLKATA - 32

২) Amitava Banerjee
Bally Jute Mill's Staff Quater,
P.O. Bally, Dist-Howrah.

মুসাবিদাকারক ঃ -

Nishat Ara Begum
Advocate
আইনজীবি
আলিপুর জজ কোর্ট, কোলকাতা - ২৭

কমপিউটার টাইপকারক ঃ -


[illegible]
১০ [illegible]
[illegible] - ৭০০০০১

B- JADAVPUR UNDER K.M.C WARD NO-96 (K.M.C PREMISES No- 74/10/94, SREE RAMTHAKUR ROAD) E.P. NO-784 S.P. No-1927 C.S. DAG No-2390-P, 2392-P, 2395-P MAUZA- ARAKPUR J.L.NO-39 DIST. 24 PARGANAS (SOUTH)

AREA OF LAND:- 3KT-13CH-37 SQFT (MORE OR LESS) OR 2782 SQFT
3/4 SQFT AREA OF LAND:- 2086.5 SQFT (MORE OR LESS) OR 2KT-14CH-16 SQFT
COVERED AREA: GR. FLOOR 1265 SQFT + 1ST FLOOR:- 1265 SQFT + ROOF 517 SQFT TOTAL COVERED AREA:- 3047 SQFT (MORE OR LESS) 3/4 COVERED 2285 SQFT (MORE OR LESS)

SIG. OF DONORS

SIG. OF DONEE




RAMJAN ALI
Surveyor, Planner, Designer
Estimator, Build. Supervisor
4/1D, Rajab Ali Lane, Kol-700023
MoB- 9803493096


12/9/14

Government of West Bengal
Department of Finance (Revenue), Directorate of Registration and Stamp Revenue
Office of the D.S.R.-I SOUTH 24-PARGANAS, District- South 24-Parganas
Signature / LTI Sheet of Serial No. 03451 / 2011, Deed No. (Book - I , 02696/2011)

Signature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Jayasree Mukherjee | Jayasree Mukherjee 14.9.2011 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Jayasree Mukherjee Address -10/53, Bijoygarh Coloney, Kolkata, Thana:-Jadavpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700032 | Self |  14/09/2011 |  LTI 14/09/2011 | Jayasree Mukherjee |
| 2 | Sima Banerjee Address -Bally Jute Mill Staff Qut, Thana:-Bally, District:-Howrah, WEST BENGAL, India, P.O. :-Bally Pin :-711201 | Self |  14/09/2011 |  LTI 14/09/2011 | Sima Banerjee |
| 3 | Mukti Chatterjee Address -47/5, Tegar Temple Road, Thana:-Jagaddal, District:-North 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-Shyamnagar Pin :-743127 | Self |  14/09/2011 |  LTI 14/09/2011 | Mukti chatterjee |
| 4 | Shyama Prasad Mukherjee Address -10/53, Bijoygarh Coloney, Kolkata, Thana:-Jadavpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700032 | Self |  14/09/2011 |  LTI 14/09/2011 | Shyama Prasad Mukherjee |

| Name of Identifier of above Person(s) | Signature of Identifier with Date |
|---|---|
| Tapas Chatterjee<br>98, Buroshibtala Main Road, Kolkata, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700038 | Tapas Chatterjee 16.9.2011 |

(Humayun Ali)
DISTRICT SUB-REGISTRAR-I
Office of the D.S.R.-I SOUTH 24-PARGANAS

सत्यमेव जयते

# Government Of West Bengal

## Office Of the D.S.R.-I SOUTH 24-PARGANAS
District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 02696 of 2011
(Serial No. 03451 of 2011)

On
**Payment of Fees:**
On 14/09/2011

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(i) of Indian Stamp Act 1899.

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 70146/-, on 14/09/2011

( Under Article : A(1) = 70114/- ,H = 28/- ,M(b) = 4/- on 14/09/2011 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed for Gift in Favour of family members has been assessed at Rs.- 6374505/- for the chargeability of the stamp duty and registration fees.

Certified that the required stamp duty of this document is Rs.- 31873 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty

1. Rs. 12078/- is paid, by the draft number 157529, Draft Date 14/09/2011, Bank Name State Bank of India, ALIPORE COURT TREASRY BR, received on 14/09/2011
2. Rs. 14795/- is paid, by the draft number 007952, Draft Date 13/09/2011, Bank Name State Bank of India, REGENT ESTATE, received on 14/09/2011

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 12.33 hrs on :14/09/2011, at the Office of the D.S.R.-I SOUTH 24-PARGANAS by Jayasree Mukherjee , one of the Executants.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 14/09/2011 by

1. Jayasree Mukherjee, wife of Late Ananda Prasad Mukherjee , 10/53, Bijoygarh Coloney, Kolkata, Thana:-Jadavpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700032 , By Caste Hindu, By Profession : House wife

( Humayun Ali )
**DISTRICT SUB-REGISTRAR-I**



14/09/2011 14:40:00

## Government Of West Bengal

### Office Of the D.S.R.-I SOUTH 24-PARGANAS

### District:-South 24-Parganas

### Endorsement For Deed Number : I - 02696 of 2011

### (Serial No. 03451 of 2011)

2. Sima Banerjee, wife of Amitava Banerjee , Bally Jute Mill Staff Qut, Thana:-Bally, District:-Howrah, WEST BENGAL, India, P.O. :-Bally Pin :-711201 , By Caste Hindu, By Profession : House wife

3. Mukti Chatterjee, wife of Late Swapan Chatterjee , 47/5, Tegar Temple Road, Thana:-Jagaddal, District:-North 24-Parganas, WEST BENGAL, India, P.O. :-Shyamnagar Pin :-743127 , By Caste Hindu, By Profession : House wife

4. Shyama Prasad Mukherjee, son of Late Ananda Prasad Mukherjee , 10/53, Bijoygarh Coloney, Kolkata, Thana:-Jadavpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700032 , By Caste Hindu, By Profession : Business

Identified By Tapas Chatterjee, son of Late Moni Mohan Chatterjee, 98, Buroshibtala Main Road, Kolkata, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700038 , By Caste: Hindu, By Profession: Service.

( Humayun Ali )
DISTRICT SUB-REGISTRAR-I

( Humayun Ali )
DISTRICT SUB-REGISTRAR-I



14/09/2011 14:40:00


Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I
CD Volume number 14
Page from 1670 to 1684
being No 02696 for the year 2011.

(Humayun Ali) 14-September-2011
DISTRICT SUB-REGISTRAR-I
Office of the D.S.R.-I SOUTH 24-PARGANAS
West Bengal




| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name JAYASREE MUKHERJEE
Signature Joyasree Mukherjee




| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name SIMA BANERJEE
Signature Sima Banerjee




| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name MUKTI CHATTERJEE
Signature Mukti chatterjee.



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name SHYAMA PROSAD MUKHERJEE
Signature Shyama Prosad Mukherjee.